

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
 কোম্পানীগঞ্জ, সিলেট।
(www.companiganj.sylhet.gov.bd)

স্মারক নং - ৪১.০১.৯১২৭.০০০.৮০.০০১.২৪- ৩৪০


তারিখ: ২৫ মার্চ ২০২৪ খ্রি:

বিষয়: সর্বজনীন পেনশন ক্ষিম বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন।

উপর্যুক্ত বিষয়ের আলোকে সিলেট জেলার কোম্পানীগঞ্জ উপজেলায় সর্বজনীন পেনশন ক্ষিম বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। কর্মপরিকল্পনা নিম্নরূপ:

- ১। উপজেলা পরিষদের মাসিক সমষ্টি সভার আলোচনায় অন্তর্ভুক্তি করণ এবং উপস্থিত সকল সরকারি দপ্তরের দপ্তর প্রধান ও জনপ্রতিনিধিগণকে তা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের নির্দেশনা প্রদান।
- ২। শুরুবার প্রতিটি মসজিদে জুম্মার নামাজের পূর্বে খুতবায় সর্বজনীন পেনশন ক্ষিমের বিষয়ে সাধারণ জনগণকে অবহিতকরণ ও উদ্বৃদ্ধকরণ এবং পেনশন ক্ষিম গ্রহণে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।
- ৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় ও উপজেলা তথ্য কেন্দ্র (তথ্য আপা), কোম্পানীগঞ্জ কর্তৃক প্রতি মাসের উঠান বৈঠকে এ বিষয়ে সকল মহিলাদের অবহিতকরণ ও পেনশন ক্ষিম গ্রহণে উদ্বৃদ্ধকরণ।
- ৪। সর্বজনীন পেনশন ক্ষিম বাস্তবায়নের লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ে ইউনিয়ন কমিটি গঠন ও প্রতি ইউনিয়নে ইউপি সচিব, হিসাব সহকারী ও উদ্যোক্তাদের সমষ্টিয়ে সর্বজনীন পেনশন ক্ষিম বাস্তবায়নের লক্ষ্যে আলাদা হেল্পডেক্স স্থাপন।
- ৫। প্রাথমিকভাবে কোম্পানীগঞ্জ উপজেলার সকল এমপিও ও নন এমপিও ভূক্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক এবং কর্মচারীদের শতভাগ পেনশন ক্ষিমের আওতায় নিয়ে আসার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসারকে সাথে নিয়ে প্রতি মাসে অত্তত ৫ (পাঁচ)টি শিক্ষা প্রতিষ্ঠানে উদ্বৃদ্ধকরণ/সচেতনতা বৃদ্ধিকরণ।
- ৬। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কোম্পানীগঞ্জ, সিলেট এ সর্বজনীন পেনশন ক্ষিম গ্রহণে আগত সেবাপ্রত্যাশীদের উদ্বৃদ্ধকরণ এবং পেনশন ক্ষিম গ্রহণে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য জনাব হরলাল সরকার, প্রশাসনিক কর্মকর্তাকে দায়িত্ব প্রদান।
- ৭। উপজেলা বাস্তবায়ন ও সমষ্টি কমিটি গঠনপূর্বক প্রতি মাসে অগ্রগতি নিয়ে আলোচনা করা।
- ৮। কৃষক, সমবায় সমিতি, মৎস্যজীবী সমিতি, যুব সংগঠন, বেকার যুবকদের পেনশন ক্ষিমের আওতায় নিয়ে আসার জন্য প্রতি মাসে উপজেলা পরিষদের মাসিক সভায় সংশ্লিষ্ট অফিসারদের টার্গেট নির্ধারণ করে দেওয়া।
- ৯। সমগ্র উপজেলায় মাইক্রোগে, সোশ্যাল মিডিয়া, সকল অফিসের ওয়েবসাইট এবং স্থানীয় সাংবাদিকদের এ বিষয়ে প্রচার প্রচারণার জন্য যাবতীয় উদ্যোগ গ্রহণ।
- ১০। সর্বজনীন পেনশন ক্ষিম বাস্তবায়নে প্রয়োজনীয় সংখ্যক লিফলেট ছাপানো এবং তা জনসাধারণের মাঝে বিতরণ।
- ১১। সর্বজনীন পেনশন ক্ষিম বাস্তবায়নে ইউপি চেয়ারম্যান, ইউপি সচিব ও সদস্যদের পরিবার থেকে পেনশন ক্ষিম গ্রহণ শুরু করে জনগণকে পেনশন ক্ষিমের আওতায় নিয়ে আসার জন্য টার্গেট নির্ধারণ করে দেওয়া।
- ১২। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের সর্বজনীন পেনশন ক্ষিম বিষয়ে প্রশিক্ষণ প্রদান করে প্রতিটি ইউনিয়নে রেজিস্ট্রেশন বুথ স্থাপন করা।
- ১৩। উপজেলাধীন সকল কমিউনিটি ক্লিনিকসমূহে আগত সেবাপ্রত্যাশীদের পেনশন ক্ষিমের বিষয়ে অবহিতকরণসহ রেজিস্ট্রেশনের জন্য উৎসাহিত করা।
- ১৪। উপজেলাধীন সকল ব্যাংকে আলাদা বুথ স্থাপন করে পেনশন ক্ষিম গ্রহণের উদ্যোগ গ্রহণ করা।
- ১৫। সকল এনজিও ও বেসরকারি প্রতিষ্ঠানের সমষ্টিয়ে জনগণকে উদ্বৃদ্ধকরণসহ পেনশন ক্ষিমের আওতায় নিয়ে আসার জন্য কাজ করা।
- ১৬। সর্বোপরি বর্ণিত কর্মপরিকল্পনা সংশোধন, পরিমার্জন, মনিটরিং এবং সময়ে সময়ে কর্তৃপক্ষের নির্দেশনার আলোকে কোম্পানীগঞ্জ উপজেলায় সর্বজনীন পেনশন ক্ষিমের সফল বাস্তবায়ন করা।

ইহা মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।


 (সুলতান তাজুল ইসলাম)
 উপজেলা নির্বাহী অফিসার
 কোম্পানীগঞ্জ, সিলেট